

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 14.11.2024**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) ‘তরণের স্বপ্ন’ প্রকল্পে ট্যাব বিতরণের টাকা অন্য অ্যাকাউন্টে যাওয়ার অভিযোগের বিশদ তদন্তের জন্য কলকাতা পুলিশ ১০ সদস্যের সিট গঠন করেছে।

এই ঘটনায় ৭৮১ জন প্রতারিত বলে রাজ্য পুলিশ সূত্রে জানা গেছে। ৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

২) আবাস যোজনা প্রকল্পের টাকা উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পৌঁছে দেওয়ার জন্য রাজ্য সরকার সোমবারের মধ্যে গ্রাম স্তরে যাচাই প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছে।

৩) রাজ্য অস্থায়ী কর্ম বন্ধু ও বাংলা সহায়তা কেন্দ্রের ডিইও-দের ভাতা বাঢ়ছে।

৪) জনজাতীয় গৌরব দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম আজ রাত ৮টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন।

প্রধানমন্ত্রী আগামীকাল বীরসা মুন্ডার সম্মানে একটি স্মারক মুদ্রা ও ডাকটিকিট প্রকাশ করবেন।

৫) স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী পন্তিত জওহরলাল নেহরুর জন্মদিনটি আজ শিশু দিবস হিসাবে পালিত হচ্ছে।

৬) পথ দুর্ঘটনায় প্রাণহানি কৃতে রাজ্য সরকার আরও কড়া পদক্ষেপ নিচ্ছে।

৭) দুই মহিলা সহ ৬ জন তরুণ গবেষক এবছর ইনফোসিস পুরস্কার পেয়েছেন। এদের মধ্যে আছেন আইএসআই-এর অধ্যাপিকা ডঃ নীনা গুপ্তা।

---

‘তরুণের স্বপ্ন’ প্রকল্পে ট্যাব বিতরণের টাকা অন্য অ্যাকাউন্টে যাওয়ার ভূরি ভূরি অভিযোগের মধ্যেই বিশদ তদন্তের জন্য কলকাতা পুলিশ ১০ সদস্যের তদন্তকারী দল-সিট গঠন করেছে।

পূর্ব বর্ধমান, বাঁকুড়া, পুরালিয়া, মালদা, পশ্চিম মেদিনীপুর জেলা ছাড়াও কলকাতার একাধিক স্কুলের প্রায় শতাধিক পড়ুয়ার ট্যাবের টাকা তাদের অ্যাকাউন্টে না গিয়ে অন্য জায়গায় জমা হয়েছে বলে অভিযোগ। একই অভিযোগ উঠেছে দক্ষিণ ২৪ পরগণার বহু স্কুলেও।

ইতোমধ্যেই ৯'জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। মালদা থেকেই ধরা পড়েছে অন্ততঃ পাঁচজন। কারা কারা এই ষড়যন্ত্রে জড়িত, খতিয়ে দেখছে পুলিশ।

এদিকে রাজ্য পুলিশের সিআইডি সূত্রে জানা গেছে, এই জালিয়াতির ঘটনায় ৭৮১ জন প্রতারিত হয়েছেন। এদের টাকা অন্য অ্যাকাউন্টে চলে গেছে। কলকাতার বাইরে ৫৬ টি এফআইআর এবং ৮ টি জেনারেল ডায়েরি দায়ের করা হয়েছে।

---

এদিকে, তরুণের স্বপ্ন প্রকল্পে যে সমস্ত পড়ুয়ার ট্যাবের টাকা গায়ের হয়ে গেছে এপর্যন্ত তাদের মধ্যে ৩০০ জন পড়ুয়ার অ্যাকাউন্টে টাকা পাঠিয়ে দেওয়া হয়েছে। যে ৫০০রও বেশি পড়ুয়ার একাউন্ট থেকে ওই টাকা গায়ের হয়ে গেছে। বাকিদেরও দুয়েক দিনের মধ্যে টাকা দিয়ে দেওয়া হবে বলে জানা গেছে। বিদ্যালয় শিক্ষা দফতরের তরফে রাজ্য সরকারকে এই মর্মে রিপোর্ট দেওয়া হয়েছে।

---

কোচবিহারের পুন্ডিবাড়িতে রাম গোপাল লাখোটিয়া হাইস্কুলের ৫০ জনেরও বেশি ছাত্রছাত্রী ট্যাবের টাকা অন্য অ্যাকাউন্টে চলে যাওয়ার অভিযোগ উঠেছে। স্কুল কর্তৃপক্ষ এই নিয়ে পুলিশে অভিযোগ দায়ের করেছে। জেলা শিক্ষা দপ্তর সূত্রে জানা গেছে, আরও কয়েকটি স্কুলে এই ঘরনের ঘটনা ঘটেছে। কত জন ছাত্রছাত্রীর অ্যাকাউন্টে টাকা গায়েব হয়েছে, পুলিশ তা খতিয়ে দেখেছে।

পুরুলিয়ার বান্দেয়ানের ঝৰি নিবারণচন্দ্র বিদ্যাপীঠে তিনি পড়ুয়ার ট্যাবের টাকা নিজস্ব অ্যাকাউন্টে না গিয়ে তমলুকের একটি বেসরকারি ব্যাকে চলে গেছে। এই ঘটনায় ব্যাপক চাপ্টল্য ছড়িয়েছে। দ্বাদশ শ্রেণীর এক ছাত্রী প্রথমে এ ব্যাপারে স্কুল কর্তৃপক্ষকে অভিযোগ জানায়। তার ভিত্তিতে খোঁজ নিতে গিয়ে নজরে আসে, আরও দুজনের ক্ষেত্রে ঘটনা ঘটেছে। বিদ্যালয়ের পক্ষ থেকে এব্যাপারে বান্দেয়ান থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

বিজেপি ট্যাব কেলেক্ষারির সমালোচনা করেছে। দলের নেতা দিলীপ ঘোষ আজ বর্ধমানে সদস্য সংগ্রহ অভিযানে অংশ নিয়ে সাংবাদিকদের বলেন, গরীব ছাত্রদের ভবিষ্যতের লোভ দেখিয়ে টাকা মেরে দেওয়ার মত এই ধরনের জঘন্য ঘটনা শুধুমাত্র এই রাজ্যেই ঘটে থাকে। এই ঘটনায় ধূতদের মধ্যে তৃণমূল কংগ্রেসের সক্রিয় কর্মী আছে বলেও তাঁর দাবি।

বিজেপির রাজ্য মুখ্যপাত্র শমীক ভট্টাচার্যও কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে এই কেলেক্ষারির তীব্র বিরোধিতা করেন।

বাইট শমীক

তৃণমূল কংগ্রেস অবশ্য দলের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছে। দলের নেতা কুনাল ঘোষ বলেন, বিহারের একটি গ্যাং-ই এই কাজে জড়িত।

### বাইট কুনাল

---

আবাস যোজনা প্রকল্পের টাকা উপভোক্তাদের ব্যাংক একাউন্টে পৌঁছে দেওয়ার কাজ শুরু করার জন্য রাজ্য সরকার আগামী সোমবারের মধ্যে গ্রামস্তরে যাচাই প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছে। ২৮ শে নভেম্বরের মধ্যে তালিকা চূড়ান্ত করে ফেলতে হবে বলে পঞ্চায়েত দপ্তরের তরফে সব জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়। ২৯ শে নভেম্বর থেকে ৬ ডিসেম্বর পর্যন্ত উপভোক্তাদের নামের তালিকা ব্লক, মহকুমা শাসক এবং জেলা শাসকের অফিসে টাঙ্গিয়ে রাখার কথা বলা হয়েছে। এই সময়ে উপভোক্তারা তাদের কোন অভিযোগ থাকলে তা জানাতে পারবেন।

---

রাজ্য সরকার, অস্থায়ী কর্মবন্ধুদের মাসিক ভাতা বৃদ্ধি করেছে। এবার থেকে তাঁরা মাসে ৫ হাজার টাকা করে ভাতা পাবেন। আগে তাঁরা পেতেন ২ হাজার টাকা। এখন ৩ হাজার টাকা বাড়ানো হল।

অর্থদপ্তর আজ এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করেছে। গত ১ সেপ্টেম্বর থেকে এই বৃদ্ধি কার্যকর হবে।

পাশাপাশি বাংলা সহায়তা কেন্দ্রের ডেটা এন্ট্রি অপারেটরদেরও ভাতা বাড়ানো হল। তাঁরা এবার থেকে মাসে ১৬ হাজার টাকা করে ভাতা পাবেন। এতদিন পেতেন ১২ হাজার টাকা। তাঁদের ভাতা ৪ হাজার টাকা বাড়ানো হল। এই অপারেটরদের ভাতা

বছরে ৩ শতাংশ হারে বাড়ানো হবে বলেও রাজ্য সরকারের তরফে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, ।

উল্লেখ্য, কর্মবন্ধুরা মূলতঃ ভূমি, ভূমি রাজস্ব ও কৃষি দপ্তরে কাজ করেন।

অন্যদিকে বাংলা সহায়তা কেন্দ্রের ডেটা এন্ট্রি অপারেটররা রাজ্য সরকারের সমস্ত ধরণের অনলাইন পরিষেবা পেতে সাধারণ মানুষকে সাহায্য করেন।

---

রাজ্যের ৫ জেলার ৬ টি বিধানসভা আসনের উপনির্বাচনে গড়ে ভোট পড়েছে ৭২ দশমিক ১/৩ শতাংশ। গতকাল এই ভোট নেওয়া হয়। নির্বাচন কমিশনের পক্ষ থেকে আজই পূর্ণাঙ্গ পরিসংখ্যান পাওয়া গেছে। ভোটদানের হার সবচেয়ে বেশি ছিল বাঁকুড়ার তাংলাড়াংরা আসনে ৭৮ দশমিক ৩/৬ শতাংশ।

এছাড়া উত্তর ২৪ পরগনার হাড়োয়া ৭৬ দশমিক ১/১, মেদিনীপুরে ৭৩ দশমিক ৭/৩, কোচবিহারের সিতাই সংরক্ষিত আসনে -এ ৭১ দশমিক ৩/০ শতাংশ ভোট পড়ার খবর মিলেছে। আলিপুরদুরায়ের মাদারিহাট সংরক্ষিত আসনে ভোটদানের হার ৬৩ দশমিক ৩/৩ শতাংশ। উত্তর ২৪ পরগনা নৈহাটিতে সবচেয়ে কম ৬৪ দশমিক ৩/৮ শতাংশ ভোট পড়েছে। ভোট গণনা ২৩ শে নভেম্বর।

---

জনজাতীয় গৌরব দিবসের প্রাকালে রাষ্ট্রপতি দ্রোপদী মূর্ম আজ রাত আটটায় জাতির উদ্দেশে ভাষন দেবেন। আকাশবানী দিল্লী রাষ্ট্রপতির এই ভাষন সরাসরি সম্প্রচার করবে। ইন্দ্রপ্রস্থ ছাড়াও একই সঙ্গে লাইভ নিউজ, এফ এম গোল্ড ও রেনবোপ্রচারতরঙে একযোগে অনুষ্ঠানটি শোনা যাবে। আগামীকাল মূল চ্যানেল সহ

আঞ্চলিক কেন্দ্রের এফ এম গোল্ড ও এফ এম রেইনবো প্রচারতরঙ্গে সকাল ৮ টা ৪৫ মিনিট এবং বিকেল সাড়ে ৫ টায় রাষ্ট্রপতির ভাষন পুনঃপ্রচারিত হবে।

উল্লেখ্য, ভগবান বীরসা মুণ্ডার জন্মজয়ন্তী উপলক্ষ্যে আগামীকাল দেশজুড়ে পালিত হতে চলেছে জনজাতীয় গৌরব দিবস।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল জনজাতি গৌরব দিবস স্মরণে বিহারের জামুই সফর করবেন। ধরতি আবা ভগবান বিরসা মুণ্ডার ১৫০ তম জন্মবার্ষিকী উদযাপনের সূচনাকে চিহ্নিত করে শ্রী মোদী আগামীকাল সকালে বিরসা মুণ্ডার সম্মানে একটি স্মারক মুদ্রা এবং ডাকটিকিট প্রকাশ করবেন।

---

স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী পন্তিত জওহরলাল নেহরুর জন্মদিনটি আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে অনুষ্ঠিত হচ্ছে। দিনটি পালিত হচ্ছে শিশু দিবস হিসাবেও। এই উপলক্ষে কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয়ের এক অনুষ্ঠানে নেহরুজীকে শন্দা জানানো হয়।

বিভিন্ন জেলা থেকেও দিনটি পালনের খবর এসেছে। মেদিনীপুরের হরিজনপল্লী প্রাথমিক বিদ্যালয়ে এই উপলক্ষে শিশু অধিকার সম্পর্কে এক সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়।

পশ্চিম মেদিনীপুর জেলা আইনী পরিষেবা কর্তৃপক্ষ আয়োজিত এই শিবিরে জেলা আদালতের বিচারক শাহিদ পারভেজ শিশুদের অধিকার সম্পর্কে বক্তব্য রাখেন। পরে এক পদ্যাত্তা এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে।

শিশু দিবস উপলক্ষে বর্ধমান বিজ্ঞান কেন্দ্রে বিজ্ঞান বিষয়ক নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। পড়ুয়াদের কাছে আকর্ষণীয় করে তুলতে খেলার ছলে তুলে ধরা হয় বিজ্ঞানের বিভিন্ন বিষয়, উপস্থাপনা করা হয় বিভিন্ন ছবির মাধ্যমে। এই উপলক্ষে বসে আঁকো প্রতিযোগিতায় অংশ নেয় বিভিন্ন বিদ্যালয়ের প্রায় আড়াইশো ছাত্র ছাত্রী।

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের কাসিরাম দাস এলাকায় কংগ্রেসের পক্ষ থেকে শিশুদের কেক ও চকোলেট বিতরণ করা হয়। কংগ্রেস কার্যালয়ে নেহরুর প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধাও জানানো হয়।

---

দুই মহিলা সহ ৬ জন তরুণ গবেষক এবছর ইনফোসিস পুরস্কার পেয়েছেন। ৪০ অনুর্ধ্ব এই গবেষকদের মধ্যে আছেন, কলকাতার ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনসিটিউট আইএসআই-এর অধ্যাপিকা ডঃ নীনা গুপ্তা। আইএসআই-এর তাত্ত্বিক পরিসংখ্যান এবং গণিত বিভাগের এই অধ্যাপিকা জারিক্ষি ক্যান্সেলেশন সমস্যার সমাধানের জন্য পুরস্কার পেলেন। ১৯৪৯ - এ প্রথম এই সমস্যার কথা তুলে ধরেন খ্যাতনামা গণিতবিদ অস্কার জারিক্ষি। তারপর থেকেই এই নিয়ে বিস্তর গবেষণা চলেছে। ২০১৪ এ অধ্যাপক গুপ্তার গবেষণায় জানা যায়, আসানুমার ত্রিমাত্রিক, সমান্তরাল ধরনটি জারিক্ষির মূল প্রশ্নের উদাহরণ দিতে পারে, যা বীজগাণিতিক জ্যামিতিতে এক উল্লেখযোগ্য কাজ বলে স্বীকৃত।

উল্লেখ্য, ইনফোসিস সায়েন্স ফাউন্ডেশন (আইএসএফ) ২০০৯ সালে এই পুরস্কার চালু করে। প্রতিটি বিভাগে পুরস্কার হিসেবে দেওয়া হয় একটি স্বর্ণ পদক, একটি প্রশংসন পত্র এবং এক লক্ষ মার্কিন ডলার।

---

পথ দুর্ঘটনায় প্রাণহানি রুখতে রাজ্য সরকার আরও কড়া পদক্ষেপ নিচ্ছে। এব্যাপারে সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনা করতে আজ সল্টকেলের নগরায়ণ ভবনে বৈঠকে বসেন পরিবহণমন্ত্রী মেহাশিস চক্রবর্তী, নগরোন্নয়ণমন্ত্রী ফিরহাদ হাকিম, রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার, কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা-সহ শীর্ষ কর্তারা। বিভিন্ন বাস মালিক সংগঠনের নেতারাও ওই বৈঠকে ছিলেন। বৈঠকের পর সাংবাদিকদের পরিবহণমন্ত্রী বলেন, বেপরোয়া গতিতে গাড়ি চালানোর ফলে কোনও ব্যক্তির মৃত্যু হলে চালকের বিরুদ্ধে খুনের মামলা রঞ্জু করতে চায়। সেইসঙ্গে লাইসেন্স বাজেয়াপ্ত-সহ ক্ষতিপূরণ ও আরও একগুচ্ছ কড়া পদক্ষেপ নিতে চলেছে রাজ্য সরকার। রাশ ড্রাইভিংয়ের ক্ষেত্রে আর কোনও নমনীয়তা দেখানো হবে না।

## বাইট

একইসঙ্গে পথচারীদেরও সতর্ক হয়ে চলার ক্ষেত্রে, রাস্তা পারাপারের ক্ষেত্রে, সিগন্যাল মানার ক্ষেত্রে বিশেষভাবে নজর দিতে নিবিড় প্রচার চলবে। এর বাইরে আরও কী কী করা যায় পুলিশ ও বাস মালিক সংগঠনের কাছ থেকে সে বিষয়ে পরামর্শও চাওয়া হয়েছে বলে পরিবহন মন্ত্রী জানান। তিনি বলেন, পথ দুর্ঘটনা আটকাতে রাজ্য পুলিশ সেফ ড্রাইভ, সেভ লাইভ কর্মসূচি করে। এবার থেকে রাজ্য জুড়ে পরিবহণ দফতরও এই কর্মসূচিতে অংশ নেবে। বেপরোয়া চালকদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে গেলে অনেক সময়ই বাস মালিকদের নানা অসুবিধার মধ্যে পড়তে হয়। তাদের বলা হয়েছে, চালকদের কমিশন প্রথার অবলুপ্তি ঘটাতে।

বেসরকারি বাস মালিক সংগঠন গুলি অবশ্য রাজ্য সরকারেক এব্যাপারে উপযুক্ত গাইডলাইন দিতে বলেছে। সংগঠনের পক্ষে তরফে জয়েন্ট কাউন্সিল of Bus

Syndicates এর সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় বলেন, পরিবহনের ক্ষেত্রে সঠিক পরিকাঠামো থাকলে তবেই দুর্ঘটনা এড়ানো সম্ভব।

উল্লেখ্য সম্প্রতি সল্টলেক দু'নম্বর গেটে বেপরোয়া বাসের ধাক্কায় স্কুল পড়ুয়ার মৃত্যুর পর মুখ্যমন্ত্রীর নির্দেশে আজ এই বৈঠকের আয়োজন করা হয়।

এদিকে দক্ষিণ কলকাতা পথসায়র থানা এলাকায় আজ দুপুরে পিয়ারলেস হাসাপাতলের কাছে একটি স্কুল বাস নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের দেওয়ালে ধাক্কা মারলে এক সাইকেল চালক গুরুতর আহত হন। তবে পড়ুয়ারা কেউই আহত হননি। তাদের সকলকে নিরাপদে বাড়ি পৌঁছে দেওয়া হয়েছে।

ধাপা রোডে দুপুরেই আর একটি পুলকার দুর্ঘটনায় গাড়ির চালক ও এক ছাত্রী আহত হয়েছেন। তাদের এন আর এস হাসপাতালে ভর্তি করা হয়েছে। গাড়িটিও ক্ষতিগ্রস্ত হয়েছে।

---